



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা
প্রশাসন বিভাগ (সাধারণ শাখা)

www.khagracharipourashava.gov.bd

স্মারক নং-খাঃ পৌঃ কাঃ/৭৪৮

তারিখ: ৩০-০৫-২০২৩ খ্রি.

বাজেট সংক্রান্ত টিএলসিসি কমিটির বিশেষ সভার কার্যবিবরণী:

সভাপতি

: জনাব নির্মলেন্দু চৌধুরী

সভাপতি, টিএলসিসি কমিটি ও মেয়র, খাগড়াছড়ি পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার স্থান

: পৌরসভা সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়

: ৩০-০৫-২০২৩ খ্রি. সকাল- সকাল: ১১.৩০ টায়।

সভার উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। তিনি বলেন বর্তমান ৭ম পৌর পরিষদের দায়িত্ব গ্রহণের পর খাগড়াছড়ি পৌর এলাকার উন্নয়নের ক্ষেত্রে ব্যাপক কর্মসূচী হাতে নিয়েছে। আপনারা জানেন UGIIP-III প্রকল্পটি শেষ পর্যায়ে। এই প্রকল্পের পরবর্তী প্রকল্প IUGIP অন্তর্ভুক্তির জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত ছিলো। আপনাদের সকলের দোয়া ও আশীর্বাদে খাগড়াছড়ি পৌরসভা পরবর্তী প্রকল্পে অন্তর্ভুক্ত হয়েছে। ইতোমধ্যে জনগনের চাহিদার ভিত্তিতে এ প্রকল্পের আওতায় ৪টি প্যাকেজ প্রস্তুত করে দরপত্র আহবানের অনুমোদনের জন্য প্রকল্প অফিসে জমাদানের প্রস্তুতি চলছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন IUIDP প্রকল্পের অধীনে প্রায় ৯ কোটি টাকা উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। আপনারা জানেন খাগড়াছড়ি পৌরসভায় হোল্ডিং ট্যাক্স ব্যতীত তেমন কোন আয়ের উৎস নেই। জনগনের ব্যাপক চাহিদার সাথে সমন্বয় রেখে হোল্ডিং ট্যাক্স এর উপর নির্ভর করে পৌরসভার যাবতীয় সেবা কার্যক্রম চালিয়ে যেতে হচ্ছে। এ পার্বত্য এলাকার নাগরিকদের আত্ম সামাজিক অবস্থার কথা বিবেচনা করে নতুন কোন কর আরোপ করা সম্ভব হচ্ছেনা। যেহেতু পার্বত্য এলাকায় কোন শিল্প কারখানার বা কোন কমাার্শিয়াল প্রতিষ্ঠান নেই সেহেতু সাধারণ জনগনের আয়ের উৎস মাথায় রেখে আমরা আমাদের বাজেট প্রস্তুত করেছি। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব পারভীন আক্তার খোন্দকার সভার আলোচ্য বিষয় সমূহ পাঠ করে শুনান। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি (১) ২০২২-২০২৩ অর্থ বছরের প্রকৃত বাজেট সংক্রান্ত:

জনাব খন্দকার সাহেদ মো. নূর আবেদন, হিসাবরক্ষণ কর্মকর্তা (ভা.) বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের-

প্রকৃত সর্বমোট রাজস্ব আয় = ১৪,৩৯,১৩,৭২৪/- টাকা

প্রকৃত সর্বমোট রাজস্ব ব্যয় = ১৪,৩৯,১৩,৭২৪/- টাকা

রাজস্ব উদ্বৃত্ত = ৩৩,৭৯,০৫০/- টাকা

সর্বমোট উন্নয়ন আয় = ৪৪,১২,৬৬,৪৭৫/- টাকা

সর্বমোট উন্নয়ন ব্যয় = ৪৪,১২,৬৬,৪৭৫/- টাকা

সমাপনী স্থিতি = ২,১০,৬৬,৪৭৫/- টাকা

সর্বমোট মূলধন আয় = ২০,০৫,২৩,৬০৪/- টাকা

সর্বমোট মূলধন ব্যয় = ২০,০৫,২৩,৬০৪/- টাকা

সমাপনী স্থিতি = ১৭,৮৩,৭৩,৬০৪/- টাকা

আলোচ্যসূচি (২) ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট সংক্রান্ত:

হিসাবরক্ষণ কর্মকর্তা (ভা.) বলেন,

২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে সর্বমোট রাজস্ব আয় = ১২,৮০,১১,৫৪৯/- টাকা

সর্বমোট রাজস্ব ব্যয় = ১২,৮০,১১,৫৪৯/- টাকা

রাজস্ব উদ্বৃত্ত = ১১,২৮,১৯,২৮৬/- টাকা

সর্বমোট উন্নয়ন আয় = ৩০,২৫,৩১,৫০৫/- টাকা

সর্বমোট উন্নয়ন ব্যয় = ৩০,২৫,৩১,৫০৫/- টাকা

সমাপনী স্থিতি = ১,৪২,৩১,৫০৫/- টাকা

সর্বমোট মূলধন আয় = ১৪,২৫,১০,৮০৭/- টাকা

সর্বমোট মূলধন ব্যয় = ১৪,২৫,১০,৮০৭/- টাকা

সমাপনী স্থিতি = ১৩,০২,১৮,৯৯৪/- টাকা

আলোচ্যসূচি (৩) ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট সংক্রান্ত:

হিসাবরক্ষণ কর্মকর্তা (ভা.) বলেন,

২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেটে সর্বমোট রাজস্ব আয় = ১৫,০৯,০৮,৪৪৯/- টাকা

ও সর্বমোট রাজস্ব ব্যয় = ১০,৩৯,৬৬,১৫৯/- টাকা

রাজস্ব উদ্বৃত্ত = ১২,৮১,৩৭,২১৬/- টাকা

সর্বমোট উন্নয়ন আয় = ৮৭,৩৭,৩১,৫০৫/- টাকা

সর্বমোট উন্নয়ন ব্যয় = ৮৭,৩৭,৩১,৫০৫/- টাকা

সমাপনী স্থিতি = ৬৫,৩১,৫০৫/- টাকা

সর্বমোট মূলধন আয় = ২০,৮১,৮৬,৮২৪/- টাকা

সর্বমোট মূলধন ব্যয় = ২০,৮১,৮৬,৮২৪/- টাকা

সমাপনী স্থিতি = ১৬,৪৫,৩৬,৮২৪/- টাকা

এ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহ :

১. ২০২৩-২০২৪ অর্থ বছরের খাগড়াছড়ি পৌরসভার বাজেট অনুমোদন দেয়া হয়।
২. বাজেটে উল্লিখিত খাত সমূহ অনুযায়ী বাজেট বাস্তবায়ন করা হবে।

পরিশেষে সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(নির্মলেন্দু চৌধুরী)

মেয়র

ও

সভাপতি

টিএলসিসি কমিটি

খাগড়াছড়ি পৌরসভা।

স্মারক নং-খাঃ পৌঃ কাঃ/৭৪৮

তারিখ: ৩০-০৫-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে : (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III) এলজিইডি ভবন লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫. টিম লিডার GICD, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III) এলজিইডি ভবন লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬. উপ-পরিচালক, রিজিওনাল মিউনিসিপ্যাল সাপোর্ট ইউনিট, এলজিইডি, চট্টগ্রাম।
৭. জনাব..... সম্মানিত সদস্য, TLCC কমিটি/পৌর কাউন্সিলর নং..... ওয়ার্ড, খাগড়াছড়ি পৌরসভা।
৮. বিভাগীয় প্রধান (সকল) এ অফিস।
৯. জনাব/মিজ..... শাখা প্রধান/ হিসাব শাখা, এ অফিস।
১০. অফিস কপি।



(পারভীন আক্তার খোন্দকার)

সচিব

ও

সদস্য-সচিব

টিএলসিসি কমিটি

খাগড়াছড়ি পৌরসভা।